

# রাবি শিক্ষার্থীকে পেটাল ছাত্রলীগ

বিক্ষুব্ধ শিক্ষার্থীদের সড়ক অবরোধ

সংবাদ : জেলা বার্তা পরিবেশক, রাজশাহী

| ঢাকা, রোববার, ১৭ নভেম্বর ২০১৯

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) শিক্ষার্থী সোহরাব মিয়াকে বেধড়ক পেটাল ছাত্রলীগ তার প্রতিবাদ ও বিচারের দাবি জানিয়ে ঢাকা-রাজশাহী মহাসড়ক অবরোধ করেছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।

গতকাল দুপুর থেকে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে তিন দফা দাবিতে শিক্ষার্থীরা এ অবরোধ কর্মসূচি শুরু করেন।

বিকেল ৩টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের পক্ষ থেকে শিক্ষার্থীদের সব দাবি মেনে নেন ফিন্যান্স বিভাগের অধ্যাপক আবু সাদেক মো. কামরুজ্জামান।

তবে শনিবার রাতের মধ্যে অভিযুক্তদের গ্রেফতার ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রত্ব বাতিল না করলে আজ থেকে পুনরায় মহাসড়ক অবরোধের ঘোষণা দিয়ে আন্দোলন স্থগিত করেন শিক্ষার্থীরা।

তাদের দাবিগুলো- সোহরাবকে মারধরকারী নাহিদ ও আসিফসহ জড়িত দ্রুত গ্রেফতার ও স্থায়ীভাবে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার, হল প্রশাসন নিরাপত্তা প্রদানে ব্যর্থ হওয়ায় হল প্রাধ্যক্ষের পদত্যাগ, গুরুতর আহত শিক্ষার্থীর

চিকিৎসার সব ব্যয়ভার বহন করতে হবে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে। ভুক্তভোগী সোহরাব মিয়া বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী ও শামসুজ্জাহা হলের আবাসিক ছাত্র। বর্তমানে সে রাজশাহী মেডিকেল কলেজ (রামেক) হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

অভিযুক্ত দুই ছাত্রলীগ কর্মীর নাম আসিফ লাক ও হুমায়ুন কবির নাহিদ। তারা দু'জনই শাখা ছাত্রলীগের সভাপতি গোলাম কিবরিয়ার অনুসারী।

উল্লেখ্য, শুক্রবার রাতে বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের শিক্ষার্থী সোহরাব মিয়াকে ল্যাপটপ চুরির অভিযোগে রড দিয়ে মারধর করেছে আসিফ লাক ও হুমায়ুন কবির নাহিদ। মারধরের পর গুরুতর আহত অবস্থায় তাকে রাজশাহী মেডিকেল কলেজ (রামেক) হাসপাতালে ভর্তি করে তার বন্ধুরা।

সোহরাবের বাম হাতের কনুইয়ের ওপর ও নিচে দুই জায়গায় ভেঙে গেছে এবং মাথায় মোট তিনটি সেলাই দেয়া হয়েছে বলে জানান সোহরাবের সঙ্গে থাকা তার বন্ধু তনয়।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি গোলাম কিবরিয়া বলেন, ‘২৪ ঘণ্টা সময় দিয়ে চার সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তদন্ত প্রতিবেদন জমা হলে আমরা সাংগঠনিক ব্যবস্থা নেব।